The 'Tusu' is a harvest festival and it is one of the three major festivals of the 'Kurmi' community of West Bengal Jharkhand and Odisha. The Goddess is worshipped by the unmarried girls with the 'tusu' songs. Tusu festival is a folk festival held in the last day of the Bengali month of 'Pous' i.e. Makar Sankranti and it is popularly known as Makar Parab. A temple- like -structure usually of 3 to 4 feet, is made with colourful papers, plastic dolls and bamboo sticks. This colourful temple- like-structure is called 'Choudol'. Over the month the Goddess is worshipped with songs at home and various pan-cakes or 'pithas' are made. On the day of Makar Sankranti the 'choudol' is immersed in the nearby river water. This is a festival of offering prayer to the Goddess for gifting a good harvest. Deulghata is the place where this was captured.

## TUSU



## KARAM PARAB

Karam or karma is a harvest festival celebrated in West Bengal and other States. It is dedicated to the worship of Karam Devta ( Karam Lord/ God), the God of power, youth and youthfulness. The tribals like Santhal, Shabar Kheria and people of Kurmi Community celebrate this Karam festival. Nine types of seeds such as rice wheat, corn etc. are planted in a small bamboo basket. The maidens take care of the seeds for 7 to 9 days for sprouting. The branches of Karam tree are carried by the unmarried girls and they plant it in the centre of the ground along with the small basket of sprouted seeds, followed by singing and dancing with colourful dresses. After the puja in the next morning the Karam branch is immersed in the river.





## GORU KHUTA

The Goru Khuta( Oxen)or the Kara Khuta( Buffaloes) is a popular festival of Purulia. It is commonly said that this festival is observed to satisfy Lord Shiva. An interesting mythological story is associated with it. Once after getting a complaint from the cattles, Lord Shiva took them away to heaven. The village people rushed to heaven and persuaded Lord Shiva to release the cattle. Lord Shiva agreed on a condition that the cattles have to be taken care of nicely and treated properly. Lord Shiva warned that he would visit earth on a particular day to check whether the promise has been kept or not. Before the day of Bhai Phonta the cattles are worshipped. Their horns are oiled and body is painted with circular shapes and they are worshipped with songs and drum beats. After Lord Shiva's return to heaven, the people on the next day take the cattles to the village street and tie them to the decorated wooden poles. The cattles are awakened and thus annoyed with drum beats and are forced to smell old cow hide. Actually having long rest after cultivation, the cattles are once again incited and set to work again. This photo was captured in the village named Dubkiti, nearly 6 km away from Purulia town.



## SAHARAY

Purulia is the the westernmost district of West Bengal where many tribal communities live particularly in the secluded and dense forests. The tribal communities including the Santhals have many festivals which are deeply associated with nature and agriculture. Saharay or Sohrai is considered to be the biggest festival of Santali tribe. During this festival the Santhals worship the god, Marangburu( their griha devata or kula devata) and the married sisters, daughters, their relatives and the near and dear ones are invited on this festival, and everyone sings, dances and drinks together. Before this festival the tribal women repair their walls with mud and in some villages walls are painted with home made colours. It depicts the traditional cultural forms of the tribals, the birds, the animals, the flowers and the different geometrical shapes. The wall paintings of some villages attract the attention of many famous photographers and film directors too. This photograph has been taken in the village Hatimara, famous for wall painting.

## ব্রতকথার সুর ও ছবি



মনামি বসু  
বাংলা বিভাগ, মহেশতলা কলেজ

লোক সংস্কৃতি যে কোনও দেশের অন্তরের সম্পদ, প্রাণের সহজ সুর। আদিম সভ্যতার সময় পর্ব থেকে এই আদি অকৃত্রিম প্রাণের সুরক্ষা-ছবি আমাদের জগৎকে সৃষ্টিশীল বহুমাত্রিকতা দান করেছিল। পৃথিবীর যে কোনও দেশের সহজ সরল প্রাণের সুরটিই ধরা পড়ে লোক সংস্কৃতির মধ্যে-তাই এক অদ্ভুত সাদৃশ্য আমরা লক্ষ্য করি পৃথিবীর লোকসংস্কৃতির মধ্যে-সাহিত্যের মধ্যে। এক অপরূপ বিশ্ব জনীনতা পৃথিবীর লোকসংস্কৃতির বিচিত্রতাকে স্বীকার করে নিয়েও অভিন্ন হৃদয় গাথায় উন্নীত করেছে। আমাদের প্রাণের সম্পদ, মনের সহজ, অনাড়ম্বর চেতনা লোকসংস্কৃতির প্রতিটি শাখায় ধরা পড়ে। বাংলার ব্রতকথাও আলাদা নয়। পৃথিবীর আদিম সভ্যতার প্রকৃতির উপসনা, টোটোম, ট্যাবু ইত্যাদি বিষয় নিয়ে যখন তাত্ত্বিক আলোচনা আমরা করি তখন আদি সভ্যতার গোষ্ঠী চেতনা, সমষ্টি চেতনার প্রকাশো আমাদের নজর এড়ায় না। ধূসর হয়ে যায় সভ্যতার ঐতিহাসিক দূরত্ব মুছে যায় যেন ব্রতকথার সুর-আচার-অনুষ্ঠানও পালনের মাধ্যমে। স্মৃতিপথে যে জীবন বিলুপ্ত, আধুনিক নগর সভ্যতার ভোগবাদী, একক বিষম চেতনায় যা জড়িয়ে গেছে ব্রতকথার পরতে পরতে তারই সোচ্চার কামনা।

বাংলার নিজস্ব ঘরের অন্তরের কামনা-বাসনার প্রতিরূপ তার কথা আর গানের সুরে ধরা পড়েছে। বাংলার ‘বারমাসে তেরোপার্বণ’ এই পার্বণ অভিজাত পৌরাণিক দেবতার ব্রাহ্মণ্যে সংস্কারমূলক পূজা শুধু নয়; এই পার্বণে সামিল পৌরাণিক দেবতারই অসংস্কৃত রূপ বা লৌকিক দেবদেবীর আঞ্চলিক পূজোর উদযাপন। বাংলার ব্রতকথার লৌকিক দেবদেবীর, পৌরাণিক দেবদেবীর কাছে মনের কামনা, বাসনা তুলে ধরা হয় – সেখানে সমষ্টির সাধনা বিজড়িত; সংসারের কল্যাণ নিহিত। ১৩১৯ সনের বৈশাখ সংখ্যার ‘ভারতী’ পত্রিকায় নিরুপমা দেবী ‘পল্লীবালিকাদের উৎসব’ শীর্ষক রচনায় বলেছিলেনঃ

আমাদের দেশের লোক এখন দেশের লুপ্তপ্রায় উৎসব – চলিত গাথা, ছড়া, ব্রতকথা প্রভৃতি সংরক্ষণের দিকে মন দিয়াছেন।।..... ইহা দেশের পক্ষে শুভ লক্ষণ সন্দেহ নাই। ..... সেকালে আমাদের দেশের বালিকারা ব্রতকথার ছলে শৈশব হইতে কীরূপ শিক্ষা ও চরিত্রগঠনের আদর্শ প্রাপ্ত হইত তাহাই যৎসামান্য কথিত হবে’ --- তাঁর লিখিত প্রবন্ধে ১.

লেখিকা তাঁর প্রবন্ধে বালিকাদের দ্বারা অনুষ্ঠিত চাঁপাচন্দন, সেজুতু, যমপুকুর তুষ তুষলা, সম্পদ নারায়ণ প্রভৃতি ব্রতগুলির উল্লেখ করলেও আসলে তিনি ব্রতের ছড়াগুলির দিকেই দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলেন। ব্রতের ছড়াগুলির বিষয়বৈচিত্র্য এমনই তা ব্যক্তির নিজস্ব মনোকামনার সঙ্গে সমষ্টি চেতনার কথাও তুলে ধরে। কিন্তু সবচেয়ে স্মৃতিমধুর এই ছড়াগুলিতে নিহিত কামনার চিত্র ও ব্রতের সুর। অবনীন্দ্রনাথ ঠাকুর তাঁর ‘বাংলার ব্রত’ নামক বইটিতে ব্রতকথার ছড়াগুলি সম্পর্কে বলেছেন ‘বাংলা ব্রতের ছড়াগুলি বাঙালির ঘরের জিনিস বলে ধরা যেতে পারে’। বর্তমান গ্রন্থে তিনি মেয়েলি ব্রতের সঙ্গে সংশ্লিষ্ট ছড়াগুলির চিত্ররূপময়তা দেখিয়েছেন যেখানে তাঁর চিত্রশিল্পী ও কবি, এই দুই সত্তার সুচারু সম্মেলন ঘটেছে। তোষলা ব্রতের পটভূমি এবং সংশ্লিষ্ট ছড়াগুলিতে বিবৃত চিত্রগুলির বিবরণ দান প্রসঙ্গে তিনি বলেছেনঃ





# লেখিকার আঁকা কিছু ছবি




হরির চরন ব্রাতা



বউ ছাতরা



পুনিপুকুর



সৌভাগ্য পিঁড়ি



বাংলাদেশে একখানি গ্রামের উপর রাত্রির যবনিকা আসতে সরে গেল; সঙ্গে সঙ্গে আমরা দেখছি শীতের হাওয়া বইছে- গ্রামের উপরে বড় গাছের আগায় এখনো কুয়াশা পাতলা চাদরের মতো লেগে রয়েছে; শিশিরে সকালটি একটু ভিজে ভিজে; বেড়ার ধারে ধারে আর চালে চালে শিমপাতার সবুজ; খেতে খেতে মূলোর ফুল, সরষের ফুল – দুধ আর হলুদের ফেনার মতো দেখা যাচ্ছে; নতুন সরায় বেগুনপাতা চাপা দিয়ে, সারমাটি নিয়ে মেয়েরা দলে দলে তোষলা ব্রত করতে খেতের দিকে চলল।।....

এই অপরূপ চিত্ররূপয়তায় তার সুরের রেশ আমাদের এক অতীন্দ্রিয় অলৌকিক লোকের দিকে নিয়ে চলে – যেখানে শেষ পর্যন্ত লেগে থাকে সুরের রেশটুকু হিমেল পরশের সঙ্গে।

ব্রতের ছড়াগুলিতে যে সুর আছে তার তত্ত্বগত ব্যাখ্যাও আছে। নীহারকণা মুখোপাধ্যায় ‘সঙ্গীত ও সাহিত্য’ গ্রন্থটিতে মূলত ‘ভারতীয় সঙ্গীতের বিকাশ ও তার বিস্তৃতি; ‘সঙ্গীতের বিকাশে অধ্যাত্ম প্রেরণা’; বাংলার গীতিরূপে ক্রম পরিচিতি পর্যায়ে নাথ গীতিকা, চর্যাপদ গীতগোবিন্দ, ঢপকীর্তণ, ব্রতকথা ও পাঁচালী; আধুনিক যুগের রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল রায়, রজনীকান্ত সেন, কাজী নজরুল ইসলাম, অতুলপ্রসাদ সেন প্রমুখ সম্বন্ধে আলোচনা করেছেন। গ্রন্থের তৃতীয় মস্তকটিতে সঙ্গীতের বিভিন্ন ধারা পর্যায়ে আলোচনা প্রসঙ্গে সারি, জারি ও ভাটিয়ালী সম্পর্কে লেখকের মনোজ আলোচনা সবিশেষ উল্লেখের দাবী রাখে। কারণ গ্রন্থে নিছক বিষয়কে গুরুত্ব না দিয়ে সীমিত না রেখে সুরের সম্পর্কেই লেখিকা তাত্ত্বিক আলোচনা করেছেন। যেমন ‘অভিজাত সঙ্গীতে যে ক্ষেত্রে স্থায়ী প্রথমাংশ থেকেই নির্দিষ্ট রাগটির সুস্পষ্ট পরিচয় লাভ সম্ভব, সেক্ষেত্রে পল্লী সঙ্গীতের পূর্ববঙ্গের গায়কী ভঙ্গী থেকে রাগ পরিচয় লাভ সম্ভব। লেখিকা তাই ভিন্ন ভিন্ন গানের সুর পার্থক্যকে মোটামুটি চারটি পর্যায়ে বিভক্ত করেছেন – এবং তা অবশ্যই পূর্ববঙ্গের ঘর বিশ্লেষণের পরিপ্রেক্ষিতে-ক। যে সুর ‘ম র ম প’ – করে আরোহণ করে

খ। যেগুলি ‘স গ ম প’ করে

গ। যে সব সুর ‘স র গ ম প’ – এমন করে পঞ্চম পর্যন্ত সোজাসুজি সরলভাবে আরোহণ করে যায়। লেখিকা বাংলা লোকসঙ্গীতকে অধিকাংশ মতে কসৌলী ঝিমিট রাগকে আশ্রয় করতে দেখেছেন। অর্থাৎ যে ঝিমিট উদারার ধৈবত পর্যন্ত এসে শেষ হয়ে যায়।

লোকসঙ্গীতকে কেউ কেউ ব্রাত্য বা অন্ত্যজ বলে বিবেচনা করে থাকেন। কিন্তু লোকসঙ্গীত যে মার্গ সঙ্গীতের ন্যায়ই উপযুক্ত মর্যাদার অধিকারী এবং সুপ্রাচীন ঐতিহ্যের অধিকারী তা কোন মতেই অস্বীকার করা যায় না। বর্তমান আলোচনা লেখিকা আরও একটু অগ্রসর হয়ে বলেছেনঃ

বিশেষ কোনও একটি স্বর থেকে আরম্ভ করে অন্যান্য বিশেষ স্বর সমূহে বিচরণ করে, একটি নির্দিষ্ট স্বরে এসে স্মৃতি হলে রাগের পূর্ণরূপ প্রকাশ পায়। এই রাগ প্রকাশের ধারা সম্পূর্ণ অক্ষুণ্ন রয়েছে পল্লী সঙ্গীতে। তাই সন্দেহ হয়, হয়তো বা অভিজাত সঙ্গীত এই নিয়মটি ধার করে পেয়েছে পল্লী সঙ্গীতের কাছেই। .... শিক্ষিত রাগ সঙ্গীতকারগণও সর্বদা রাগ সঙ্গীতের নিয়মানুবর্তিতা সঠিকভাবে রক্ষা করতে পারেন না, কিন্তু পল্লী সঙ্গীতকারগণ আজও নিয়মানুবর্তিতা রক্ষা করে আসছেন।



ভারতবর্ষের কার্তিক, ১৩৬১ সনের সংখ্যায় জয়দেব রায় ‘বাংলা গোষ্ঠী সঙ্গীত’ প্রসঙ্গে বলেছেন যে ঘেঁটুর গান, মাগন গান, ভাদুগান বাংলার গোষ্ঠী, চেতনার অনন্য প্রকাশ।

ভাদু, টুসু, লক্ষীব্রত, তোষলা, মাসম ছন্দ, ইতু, পৌষ সংক্রান্তি, সৈঁজুতি, পুণ্যপুকুর, বিবাহমঙ্গল গান, মনসাপূজা, বনবিধি, ঘেঁটুর গান, গম্ভীরা, রায়মঙ্গল, গাজনগীত, সত্যপীরের গান ইত্যাদি ব্রতকথার সঙ্গে সঙ্গে যে অনন্য সুরের রেশ রয়েছে তা আমাদের অস্তিত্বের সঙ্গে বিজড়িত। এই সুর গানের ছড়াগুলি পাঠ করা পাখার পাঁচালী ছন্দ এর ধ্বনিতরঙ্গ, ব্রতকথার গল্পের ক্যানভাস আমাদের শৈশব স্মৃতিকে ভরিয়ে রাখে এক পরম মমতায়। কারণ এই সব ব্রতের ছন্দ-সুর-চিত্রে যে নান্দনিকতা তা আসলে পরম মমতার গভীর আশ্রয়চেতনা, শুভ কামনার থেকে উদ্ভূত ব্যক্তিগত স্বর বা সুর নয়, এখানে গুঞ্জরিত হয় সমবেত কণ্ঠের উচ্চারণ। ব্যক্তিগত অভীষ্ট উচ্চারণ এখানে গৌণ। - সংসার সমাজে নিজ কল্যাণ কামনার সঙ্গে সঙ্গে সমষ্টির শুভ কামনাও নিহিত। যদিও সব ব্রতই তেমন নয়; কিছু পঙক্তি এর বিরোধীতাও করে। কিন্তু আমাদের মনে রাখতে হবে ব্রতের চিত্র, সুর, ধ্বনি, কথা একার তৈরি নয়; একার উদ্দেশ্যেও নয়। সেই একক ব্যক্তির কামনায় তার সমগ্র সংসারের মঙ্গলকামনা আছে। এছাড়াও নানান চিত্র ধরা পড়ে এই গানগুলিতে। উদাহরণ স্বরূপ নদীয়ার বোলান গীতির কথা বলা যায়। নদীয়ার এই গানগুলির নাম বালার্কি। বালার্কির উৎপত্তি সম্পর্কে বলা হয়। নদীয়ার গাজনের মূল সন্ন্যাসী বালার্কি নামে পরিচিত। এই ‘বালার্কি’ থেকেই বালার্কির উদ্ভব। শিবপূজার উদ্দেশ্যে গানগুলির সৃষ্টি অথচ অধিকাংশ গানেই শিব বন্দনা অনুপস্থিত। রামায়ণ, মহাভারত, কৃষ্ণ-বলরাম, শচীমাতা, রাধা কৃষ্ণ, মেনকা- উমা ইত্যাদি প্রসঙ্গ

কাঁকে কুম্ভ বিনোদিনী জল আনিতে যায়।  
ধীরে ধীরে কালো কানাই রাধিকারে চায়।।  
জল পারো, জল পারো, রাধে, বিরাজ কেন মন।  
আমায় দেখে রাখলে ঢেকে কত রাজার ধন।।

অনুরূপভাবে ভাদুর ব্রত পালনে যে বিভিন্ন ‘ভাদুর গান’ রচিত, সেখানে সীতার জন্ম কাহিনি নিয়ে একটি ভাদুগান -

আমি রাজনন্দিনী।  
জনক জনক সম হে  
বসুন্ধরা জননী  
ফাল নলে জনম আমার  
নাম সীতা ঠাকুরানী

একটি গম্ভীরা গানে আবার সিপাহী বিদ্রোহের কথা উঠে এসেছে -

বুঝি ফিরিঙ্গি দল এবারে ভাইরে ধোঁয়া লিলে ঘাঁটা।  
সিপাহী সব মিল্যা অদের কলে বলির পাঁঠা।।  
গরু আর গুয়োরের চবি দিয়া কলে টোটা।  
হিন্দু আর মোসালেমের বুকে মার্যা দিল ঘাঁটা।।  
জাতি ধর্ম নাই এক ফোঁটা।  
পরে দুই ভায়েতে পাল্লা কোর্যা, অদের নার্যাং মারছে সাঁটা।।

প্রসঙ্গত ঈশ্বরবিষয়ক বা ঈশ্বরসম্বন্ধীয় গান মনে পড়ে। মুর্শিদা, কৃষ্ণজাগ বা লালন সাঁই এর গান। ব্রত এর সঙ্গে সংশ্লিষ্ট নয় ঠিকই কিন্তু গানগুলির সুর কথা যে মানব কল্যাণ বা বিচিত্র সমাজচিত্র, পৌরাণিক চেতনাকে ধারণ করে তা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে লোকসঙ্গীতের বৈচিত্র্যময় ধারাকেই ঋদ্ধ করেছে। যেমন একটি মুর্শিদাঃ

চল যাইরে - আমার দেবদীরে তালার মন চল যাইরে!  
ইস্ত্রী হৈল পায়ের বেড়ী পুত্র হৈল কাল  
এড়াইতে পারলাম না রে আমি এই ভব জঞ্জালে  
মন চল যাইরে।

একটি কৃষ্ণজাগঃ

এমা দয়া নাইরে তোর  
মা হয়ে কেন বেটায় সদা বলো ননী চোর।।  
কেষ্ট যায়, মা, বিষ্ণুপুরে, যশোদা যায় ঘাটে,  
খালি গৃহ পেয়ে গোপাল সকল ননী লোটে,

একটি লালনগীত ও গুরুর স্থান-এর গুরুত্বঃ

আমি চরণ পাবো কোন্ দিনে ?  
আমি ঘাটে ঘাটে পথে পথে  
কাঁদছি তোমার জন্যে।  
গুরু আমার দয়াল ভারী,  
করলেন আমায় বনচারী।।

লোকসঙ্গীতের বিচিত্র ঋদ্ধ ক্ষেত্রে শুধু সাহিত্য-সংস্কৃতির বার্তা ন্যা মানুষের চেতন-অবচেতন মননের গুরু কথা, অতীন্দ্রীয়, অনির্বচনীয় ভাবের অনুষ্ণু যা কথায় প্রকাশিত হলেও সুরের আদি অকৃত্রিম পাখায় পাখায় উড়ে চলে যায় সুদূর অতীতের গভীর আশ্রয়ে।।



# বিশ্বের প্রাণ... অমরতের গান



ডা. অর্ঘ্য মুখোপাধ্যায়  
জার্নালিজম বিভাগ, মহেশতলা কলেজ

ইংরেজিতে শব্দটি মিউজিক, কিন্তু অনেক সময় ভাবলে আশ্চর্য লাগে শব্দটি মিউজিক না বলে ম্যাজিক বললেও হয়তো ভুল হবেনা। বা দুটি শব্দের মধ্যে সত্যিই কি লুকিয়ে নেই সেই জাদুকারির স্পর্শ? যা ম্যাজিক করায় তাই মিউজিক। তা যদি না হবে তবে পৃথিবীর এই কয়েক শ' কোটি মানুষের বাসযোগ্য এমন একটি দেশ ও কি আছে যেখানে সংগীতের প্রকাশ নেই। পৃথিবীর এমন কোন শক্তি আছে যার বাধায় সীমান্তের কাঁটাতার উপকে সংগীত পৌঁছতে পারেনি সেই দেশের চৌহদ্দিতে? শুধু তা কেন গান ই হয়ে উঠেছে যুগে যুগে ভালোবাসার, প্রতিবাদের, বিদ্রোহের আগুন জ্বালাবার চিরাগ। না হলে আমেরিকার কালো মানুষ পল রবসন এর উদাত্ত কণ্ঠের গান, কেন সারা পৃথিবীর বঞ্চিত, উপেক্ষিত, অবহেলিত মানুষকে আবিলা করেছিল। আর এ দেশেও একটি আঞ্চলিক ভাষায় লেখা এক দার্শনিক এর গান গুলো গীতাঞ্জলি হয়ে ওঠে পৃথিবীর মানুষের মনের গভীরে আন্দোলিত করছে। ভারতের নাট্যশাস্ত্রে হাজার শ্লোক পাওয়া যায় যা তার চেয়েও প্রাচীন নাট্যবেদ

তার 36000 শ্লোক থেকে নির্বাচিত। অতএব সংগীত বা গানের সূচনা মানবসমাজের সভ্যতার শুরুর মতোই সুপ্রাচীন তা নিঃসন্দেহে অনুমান করা যেতে পারে। আর শুধু তাই নয় মানবসমাজে এই একটি অভিব্যক্তি প্রকাশের মাধ্যম যা ধনী-দরিদ্র, উচ্চ নিচ, সাদাকালো- সব ভেঙেচুরে একাকার করে দিয়েছে সেই জোরালো দাবি করে এসেছেন পল রবসন থেকে শুরু করে, মেনুহিন, পিট সিগার, মাইকেল জ্যাকসন, এমন অনেক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যক্তিত্ব। আর রবীন্দ্রনাথ গানকে চিনিয়েছিলেন শুধু একটা কথা বল, তা হল একাকী গায়কের নহে তো গান, গাহিতে হবে দুইজনে। অর্থাৎ গান এমনই এক মাধ্যম যার সূচনাতেই আরেকজনকে কাছে টেনে নেওয়ার দুর্নিবার আকর্ষণ রয়েছে। মানুষের সমাজে শুরু থেকে শেষ, উত্থান-পতন, সবেতেই যেন তার ছোঁয়া লেগেই আছে। সেখানে সুসভ্য বা কম সভ্য, স্বাধীন বা পরাধীন সকলেই সমান। যে যার নিজের অভিব্যক্তি তুলে ধরে নিজেকে অনুপ্রাণিত করার জন্য সংগীতই একমাত্র মাধ্যম। তাই পরাধীন ভারতবর্ষের নবজাগরণের পথিকৃৎ রামমোহন রায় কেও দেখি কলকাতায় আত্মীয় সভা প্রতিষ্ঠা করে ১৮১৬ খ্রিস্টাব্দে ব্রহ্মসংগীত রচনা করেছেন তিনি। তা হলো, কে ভুলানো হয় / কল্পনাকে সত্য করি জানো একি দায় / আপন ই গরহ যাকে / যে তোমার বশে তাকে / কেমনে ঈশ্বর ডাকে করো অভিপ্রায় /। একটু তাকালে সত্যিই আশ্চর্য হতে হয় জন্ম কর্ম ধর্ম শিক্ষা ও সমাপ্তি জীবনের এই চরৈবেতি মন্ত্র সংগীত বা গানের সমান অভিব্যক্তি তাল

লয় সবকিছুই যেন এই 2021 এর করণা মহামারীর প্রেক্ষাপটেও বিশ্ব সঙ্গীত দিবস মূর্তিত হয়ে চলেছে এবং সেখানেও জীবনের দুর্নিবার এগিয়ে চলার বর্ণচ্ছটায় সে জয় করে নিয়েছে যাবতীয় ভয় বা নেতিবাচক দিক গান যেন মন্ত্রণা দেয় এগিয়ে চলার পিছন ফিরে তাকানোর যা-কিছু ইতি তাতেই যেন সংগীতের সমাপ্তি আবার তা থেকেই তার নতুন সূচনা। জাতির পরিচয় ও তাই মিশে রয় জাতীয় সঙ্গীতে ঈশ্বরের সাধনায় হোক বা উন্মাদনা সংগীত ছাড়া নিখিল বিশ্বে অমর আর কিছু না।





# Folk music

## the Soul of Bengal

### *and Its Timeless Appeal*



Prof. Anupama Das  
Dept. of Journalism, Maheshtala College

Bengal is known for its rich culture and traditions. Varied of its cultural richness can be witnessed in its folk songs and musical forms. The classical Bangla music, sculpted around the quintessential seven ragas or the seven musical notes, serves as the base for the majority of the varieties. Bengal music comprises a long tradition of religious and secular song writing over a period of almost a millennium, composed with lyrics in the Bengali language, Bengali music spans a wide variety of styles.

The culture of Bengal is composite and manifests itself in various creative forms, including music, dance, drama, art & craft, folklore and folktale, languages and literature, philosophy and religion, distinct cuisine and culinary tradition.

Bengal is known as a Land of Music. The folk music of Bengal is deeply connected with the psyche of the country and resonate through the villages of Bengal.

The earliest music in Bengal was influenced by Sanskrit chants, and evolved under the influence of Vaishnav poetry such as 13th century Gitagovindam by Jaya-deva whose work continues to be sung in many eastern Hindu temples. The middle ages saw a mixture of Hindu & Islamic trends when the musical tradition was formalised under the patronage of Sultan and Nawabs and the powerful landlords 'Baro Bhuiyas'.

Bengali folk songs plays a pivotal role in celebrating time honoured festivals like Chaitra Sankranti , Poila Baisakh, Nabanna, Paush Parbon and more. 'এসো হে বৈশাখ এসো এসো', folk melodies like 'আইলো, আইলো, আইলো রে, রঙে ভরা বৈশাখ আবার আইলো রে', 'তোমরা একতারা বাজাও না' etc. reign supreme during Baisakh celebrations through the Bengal and the World at large.

Bengal has a rich tradition of folk songs, with lyrics rooted in the vibrant tradition of spirituality, mysticism and devotion, such folk songs also revolve around several other themes, including love and melancholy.

**BAUL:** The 'Baul' means "divinely inspired insanity", are a group of mystics' minstrels (Muslim Sufis and Hindu Baishnos) from the Bengal region who sang primarily in the 17th and 18th centuries. Bauls travelled and sang in search of the internal ideal, 'Moner Manush' and described 'superfluous' differences between religions. This folk songs are highly spiritual in nature and resembles Sufi music to a great extent. The songs of Baul are a deep expression of love for the almighty in the purest form and urge human beings to find God within themselves instead of searching for him in temples, churches or mosques. As far as the musical instruments is concerned, 'Ektara', a one string adorned instrument, is the prized possession of every Baul singer. Lalon Fakir, alternatively known as Lalon Shah, who lived in the 19th century, is considered to be the greatest of all Bauls. The simple yet deeply philosophical lyrics, tunes and natural rhythm of Bengali folk music, like Baul songs, contain a strong emotive expression and eternal appeal of love, joy and sorrows.

**Bhatiyali-** Bhatiyali is a form of folk music in both West Bengal and Bangladesh. Bhatiali is a river song mostly sung by boatmen while going down streams of the river. The word bhatiyali comes from 'bhata' meaning downstream.

**Patua Sangeet-** Patua Sangeet or Pater Gan is a cultural tradition of Bengal Patachitra in West Bengal. It is performed by the Patuas. It is famous in the southern and southern-western districts of West Bengal like Birbhum, Jhargram, Bardhaman, and Murshidabad as folk song. There are three types of Patua Sangeet according to the difference of patachitra and the Mythological stories associated with it. This lyrical drama written about the Krishna Leela, Gourango Leela, Ram Leela, Shib Parboti Leela etc. is called Leela Kahini. Gopalan or cattle farming story is another type of Patua Sangeet.

**Gombhira-** In West Bengal, Gombhira performances are centred on the Malda District in Northern part of West Bengal. It is performed with a particularly distinctive rhythm and dance with two performers, always personifying a man and his maternal



**Tusu Gaan-** Tusu is a Folk festival held on the last day of the Bengali month of Poush. It is a unifying form of local common faith and the joy of the harvest. Tusu is a cosmic goddess and conceived as a virgin girl who imagined as a young girl and is worshipped by Tusu song improvised by women folk, based on popular beliefs as well as rituals associated with harvesting. At the end of the festivities, the immersion of the image of Tusu is done vividly and with Tusu songs which have a melancholic ring. Tusu puja is practised and Tusu songs are sung in the rural areas of Bankura, Purulia, Bardhaman and Hooghly district.

grandfather, discussing a topic to raise social awareness. The Gombhira dance along with Gombhira song is performed all over the Malda district of North Bengal during the festival of Chaitra sankranti. For this festival Gombhira masks are made out of Neem and Fig trees by the local Sutradhar community. Sometimes the masks are also made out of clay. Gombhira dance is performed along with Gombhira song wearing these masks. The songs of Gombhira originated among the Hindu community of Malda in West Bengal, completely in its theme formation.



**Bhadu Gaan-** Bhadu is a social festival of South-Western part of West Bengal. The festival starts from the first day of Bhadro, the fifth month in Bengali Calendar and continues till the end of the month. Bhadu gaan, an inseparable part of Bhadu festival reflects the colours of rural society. It is popular in Purulia, Paschim Bardhaman, Bankura, Paschim Midnapore and Birbhum districts of West Bengal. Bhadu songs are composed extemporaneously and sung on each night of the festival, depicts the Goddesses as young girls. They describe Bhadu and tell in loving details how they will be entertained. Since Bhadu is unmarried, her songs are sung mostly by the unmarried girls. Dancing and playing drums accompanies Bhadu.

**Bhawaiya-** Bhawaiya is a musical form or a popular folk music that originated in Northern Bengal, especially in Coochbehar district of West Bengal, Goalpara district of Assam, Rangpur division in Bangladesh. A “working class” music, with recurring figures of Mahouts (Elephant trainers and catchers), Mahishals (Buffalo herders) and Gariyals (Cart drivers), the lyrics of these songs express pangs of separation and loneliness of their womenfolk, with elongated tones accentuating pain, longing and deep emotion. Generally believe to have originated in the 16th century under the Koch king Vishwa Singha, it was evolved into stage performances since the 1950s and more widely since the 1990s. The lyrics of Bhawaiya songs are non-denominational.

**Alkap-** It is a Bengali folk dance popular in the districts of Murshidabad, Malda and Birbhum in West Bengal and in Bangladesh. It has also spread to the adjoining areas of Jharkhand and Bihar such as Dumka and Purania. It is an amalgamation of music, dance and theatrical presentation. An alkap group of 10 to 12 performers is led by a Sarkar (Master) or Guru (Leader) and includes two or three young men called Chhokras, one or two gayens or singers, dohar, choristers and musicians. Alkap is presented in five parts: Asar, Vandana, Chhora, Kaap, Baithaki Gaan, khemta pala.

The programme is reflection of rural society and puts the focus on the prevailing socio-economic condition of the rural masses.

**Rabindra Sangeet-** The leading proponent of Bengali music is Rabindranath Tagore. His songs are known as Rabindra sangeet which emerges fluidly into his literature, most of which poems, or parts of novels, stories or plays alike—were lyricized. Influenced by the Thumri style of Hindustani music, they ran the entire gamut

of human emotion, ranging from his early dirge-like Brahmo devotional hymns to quasi-erotic compositions. “Tagore was deeply moved by the lyrical beauty of Baul songs. The spiritual romanticism of Baul philosophy influenced Tagore so deeply that he went as far as calling himself ‘Rabindra Baul.’ Later he even played the role of a blind Baul in his play ‘Phalguni’”, said eminent Rabindra Sangeet singer Rezwana Chowdhury Bannya. Tagore himself termed his Baul-influenced songs as ‘Rabindra Baul-er Gaan’ and many of such songs like ‘Tora je ja Bolis Bhai’, ‘Tumi Je Surer Agun’, ‘Phagun Haway haway’, ‘Ami taarei Khuje Berai’, ‘Gram Chhara Oi Ranga Matir Poth’, etc. Even the tune of the song ‘Amar sonar Bangla’, the national anthem of Bangladesh, is directly influenced by a Baul song titled ‘Ami Kothay Pabo Taare’.

**Relation To Raga Music:** It is often wrongly thought that folk songs have nothing to do with raga music and folk tunes therefore have no basis or principles. This wrong idea has arisen out of the total ignorance of the structure of folk tunes. A research found that most of the folk songs as well as Kirton tunes were in the scale or ‘Thut’ of that Raga. The ‘Thut’ is popularly known as ‘khamaj’, the notes of which conforms to the notes of what is known in European music as a major scale with a flattened seventh. It may be interesting to note in this connection that there are two accepted kinds of Jhinjhit in the Eastern school of Hindustani music, the kind known as Jhinjhit pure and simple extends down to ‘PA’ or the fourth note from the key note downwards, while the other kind goes only to the third and is also known as ‘Kasuli Jhinjhit’. A number of Bengal folk tunes are based on the later.





Sinthia Mukherjee  
Sem II, Journalism General  
Maheshtala College



# বাবল “দাদু

বাদল বাউল বাজায় রে একতারা ।  
সারা বেলা ধরে ঝরঝর ধারা ।।



## DO YOU KNOW?

The Baul or Bauls (Bengali: বাউল) are a group of mystic minstrels or bards of mixed elements of Sufism and Sahaja from Bengal region, comprising Bangladesh and the Indian states of West Bengal, Tripura and Barak Valley of Assam. Bauls constitute both a syncretic religious sect and a musical tradition. Bauls are a very heterogeneous group, with many sects, but their membership mainly consists of Vaishnava-Sahajiyas and Sufi Muslims. - Wiki

বয়স তখন দশ কি এগারো। ক্লাস সিন্ধে পড়ি। স্কুলের গরমের ছুটিতে বেড়াতে গিয়েছিলাম মামাবাড়িতে। আমার মামাবাড়ি পূর্ব বর্ধমান জেলার ছোট একটি গ্রামে। গ্রামটি ছোট হলেও খুব সুন্দর। চারদিকে সবুজের সমারোহ। গ্রামের সবুজ প্রকৃতি, আঁকাবাঁকা মেঠো পথ, ধানক্ষেত খুবই মনোমুগ্ধকর। মামাবাড়ি গিয়েছিলাম বেশ কিছুদিন কাটিয়ে আসবো বলে। কোলকাতার মেয়ে আমি। নিজের বাড়ি থেকে মামাবাড়ির দূরত্ব অনেক। তাই বেশি মামাবাড়ি যাওয়া সম্ভব হয় না। ছোটবেলায় দুবার গিয়েছিলাম। আবার সেই গরমের ছুটিতে। তারপর থেকে আর যাওয়া হয়ে ওঠেনি। যাইহোক, একদিন দুপুরবেলা খেয়ে-দেয়ে উঠে জানলার ধারে বসে বসে প্রকৃতির আনন্দ নিচ্ছি। আমি তখন দোতলার ঘরে। বেশ কিছু সময় কেটে যায়। আকাশে তখন বিকেলের ছায়া ধরা দিয়েছে। হঠাত্ কানে এল...

বাদল বাউল বাজায় রে একতারা ।  
সারা বেলা ধরে ঝরঝরো ধারা।।

তখন নীচের দিকে তাকিয়ে দেখি গেরুয়া বসন, কোমরে পাগড়ি বেঁধে, হাতে একতারা বাজিয়ে গান গাইতে গাইতে হেঁটে চলেছেন আমার দাদুর বয়সি একজন লোক। বুঝতে বাকি রইলো না যে উনি একজন বাউল। বইতে অনেকবার ছবি দেখেছি, পড়েওছি। তাছাড়া ছোটো বেলায় এই গানে এক দুবার নাচ ও করেছি ফাংশনে। কিন্তু চোখের সামনে এই দৃশ্য কখনো দেখার সুযোগ হয়নি। কি যে মনটা আনন্দ ভরে উঠলো বলে বোঝানো যাবে না। জোরে ডাক দিয়ে উঠলাম-----

বাউল দাদু-----

বাউল দাদু-----

দাড়াও-----।

মানুষটা আমার ডাক শুনে ওপরের দিকে তাকালো। কি অদ্ভুত শান্তি সে চোখে। আমি তাড়াতাড়ি করে নীচে নেমে দরজা খুলতেই অবাক হয়ে গেলাম। ওপর থেকে অতটা বোঝানো যায়নি। সামনাসামনি দেখলাম তার মুখ ভর্তি সাদা দাড়ি, চোখের তলায় কালি, মুখের বেশিরভাগ চামড়াই কুঁচকে গেছে। চেহারা দেখলেই বোঝা যায় বহুকাল ভালো করে খাওয়া দাওয়া হয়নি। তবুও তার মুখে যেন আনন্দের ছাপ এবং ঠোঁটের কোণে তৃপ্তির হাসি। বয়স আমার দাদুর মতোই হবে। আমি হাঁ করে তার দিকে দেখছিলাম। হঠাত্ সে বলে উঠলো----কি মা--, আমাকে ডাক দিলে কেন? আমি বললাম--- কি সুন্দর গান গাও তুমি দাদু। মন ভরে ওঠে। সে হেসে বলল--- ‘মানুষকে গান শুনিয়ে আনন্দ দেওয়াই যে আমার ধর্ম মা’। নিজের মত

খাকি আর গান গেয়ে বেড়াই। আমি বললাম--- তোমার কেউ নেই দাদু? একগাল হেসে বলল--- আছে তো! ভগবান আর এই একতারা। এইভাবে অনেকক্ষণ কথা বললাম বাউল দাদুর সঙ্গে। বেশ কিছু গান ও শুনিয়ে এই ফাঁকে। ঘরে ঢোকানোর জো ছিল না কারণ দাদুর আদেশ, অচেনা কাউকে বাড়িতে ঢুকতে দেওয়া চলবে না। যদিও সেদিন বাড়িতে কেউ ছিল না। পাশের গ্রামে অল্পপ্রাশন বাড়ি গিয়েছিল। বাড়িতে শুধু আমি আর ছোটো মামি ছিলাম। সে তো নাক ডেকে ঘুমোচ্ছে। কোনো হুঁশ নেই। যাইহোক, সেদিন অনেক গান শুনেছিলাম বাউল দাদুর থেকে। শুধু সেদিন নয়, যতদিন মামাবাড়িতে ছিলাম বাউল দাদুকে দেখতে পেলেই গান শুনতাম। যদিও কেউ কোনোদিন টের পায়নি।

প্রায় আট বছর কেটে গেছে। আমি এখন কলেজে পড়ি। ওটাই ছিল শেষ মামাবাড়ি যাওয়া। অনেককিছু ভুলেও গেছি।

কিন্তু ভুলতে পারিনি সেই মানুষটাকে। যাকে আমি বাউল দাদু বলে ডাকতাম। জানিনা মানুষটা আজ বেঁচে আছে কিনা। যদি বেঁচে থাকে, তাহলে হয়তো আবার কোনোদিন তার গান শুনতে পাবো। সেই একতারা বাজিয়ে সে হেঁটে যাবে আর গান করবে-----

বাদল বাউল বাজায় রে একতারা  
সারা বেলা ধরে ঝরঝরো ঝরো ধারা ।।

# লালন


## জীবন কাহিনী

“

লালন লেখেন—

“সব লোকে কয় লালন কী জাত সংসারে  
লালন বলে জাতের কি রূপ দেখলাম না এই নজরে।

উনিশ শতকে বাংলায় সর্বধর্মসমন্বয়ের ক্ষেত্রে যারা গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন লালন ফকির বা লালন সাই হলেন তাঁদের মধ্যে অন্যতম আধ্যাত্মিক বাউলসাধক। তিনি বহুমুখী প্রতিভার অধিকারী ও বাংলাদেশের বাউলগানের শ্রেষ্ঠতম রচয়িতা ছিলেন। তিনি সাধারণ মানুষের কাছে লালন ফকির, লালন সাই, লালন শাহ ইত্যাদি নামে পরিচিত ছিলেন। লালন ফকিরের প্রথম জীবনের বেশ কিছু বিষয়ের সঠিক তথ্য জানা যায় না। সম্ভবত তিনি ১৭৭৪ খ্রিস্টাব্দে যশোহর জেলার ঝিনাইদহ মহকুমার হরিশপুর গ্রামে বা কুঠিয়া জেলার কুমারখালি থানার ভাড়ারা গ্রামে জন্মগ্রহণ করেন। একটি মতানুসারে লালন ফকির সম্ভ্রান্ত হিন্দু কায়স্থ পরিবারের সন্তান



Jasmin Parveen  
Sem II, Journalism General  
Maheshtala College







“লালন ফকির ছিলেন একজন মানবতাবাদী সাধক, যিনি ধর্ম, বর্ণ, গোত্রসহ সকল প্রকার জাতিগত বিভেদ থেকে সরে এসে মানবতাকে সর্বোচ্চ স্থান দিয়েছিলেন।



Regarded as an icon of Bengali culture, he inspired and influenced many poets, social and religious thinkers including Rabindranath Tagore, Kazi Nazrul Islam and Allen Ginsberg. - Wiki

ছিলেন। অন্য মতানুসারে লালন ফকির ছিলেন মুসলমান তন্তুবায় পরিবারের সন্তান। সমাজ ও সংসার সম্পর্কে বীতশ্রদ্ধ হয়ে লালন বৈরাগ্য গ্রহণ করে সিরাজ সাই নামে বাউল গুরুর কাছে দীক্ষা নেন ও বাউল সাধনায় মনোনিবেশ করেন। অসামান্য প্রতিভার গুণে তিনি অল্পদিনেই বাউল গীতিকে অত্যন্ত জনপ্রিয় করে তোলেন। লালন ফকির ছিলেন একজন মানবতাবাদী সাধক, যিনি ধর্ম, বর্ণ, গোত্রসহ সকল প্রকার জাতিগত বিভেদ থেকে সরে এসে মানবতাকে সর্বোচ্চ স্থান দিয়েছিলেন। তিনি নিরাকার পরমেশ্বরে বিশ্বাস করতেন। তিনি তাঁর বাউল গানের মধ্যে দিয়ে জাতিভেদের উর্ধ্বে উঠে মানবধর্মের জয়গান গেয়েছেন। তাঁর বাউল গানের মধ্যে যেমন ইসলামি চিন্তার প্রভাব আছে তেমন বৈষ্ণব ভাবনাও আছে।

আল্লা-মহম্মদ-কৃষ্ণ-গৌর সবাইকে নিয়ে তিনি উদারভাবে গানে বেঁধেছেন। লালন লেখেন—  
“সব লোকে কয় লালন কী জাত সংসারে /  
লালন বলে

জাতের কি রূপ দেখলাম না এই নজরে।”  
১৮৯০ সালের ১৭ই অক্টোবর লালন ফকির ১১৬ বছর বয়সে কুষ্টিয়ার কুমারখালির ছেউড়িয়াতে নিজ আখড়ায় মৃত্যুবরণ করেন।



# Kirtan

Sreosi Saha  
Dept. of Mass Communication  
Salesian College



## A Way to Calm your Body and Soul

Folk has come to occupy the lives of Bangladeshis almost more than any other genre of Bengali music. Among the luminaries of the different folk traditions are Lalon Fokir, Shah Abdul Karim, Radharaman Dutta, Hason Raja, Khursheed Nurali (Sheerazi), Ramesh Shil, Kari Amir Uddin Ahmed and Abbas Uddin. Folk songs are characterised by simple musical structure and words. Before the advent of radio, entertainment in the rural areas relied on a large extent on stage performances by folk singers. With the arrival of new communication technologies and digital media, many folk songs were modernised and incorporated into modern songs (Adhunik songeet). And one of the most famous music is 'kirtan'.

“

Kirtan is a Sanskrit word that means “narrating, reciting, telling, describing” of an idea or story, specifically in Indian religions.





Kirtan is a Sanskrit word that means “narrating, reciting, telling, describing” of an idea or story, specifically in Indian religions. Kirtan is sometimes accompanied by story-telling and acting. With roots in the Vedic anukirtana tradition, a kirtan is a call-and-response style song or chant, set to music, wherein multiple singers recite or describe a legend, or express loving devotion to a deity, or discuss spiritual ideas. It may include dancing or direct expression of bhavas (emotive states) by the singer. Many kirtan performances are structured to engage the audience where they either repeat the chant, or reply to the call of the singer.

A person performing kirtan is known as a kirtankara or kirtankar. A Kirtan performance includes an accompaniment of regionally popular musical instruments, such as the harmonium, the veena or ektara (forms of string instruments), the tabla (one-sided drums), the mrdanga or pakhawaj (two-sided drum), flute (forms of woodwind instruments), and karatalas or talas (cymbals). It is a major practice in Hinduism, Vaisnava devotionism, Sikhism, the Sant traditions and some forms of Buddhism, as well as other religious groups. Kirtan is sometimes accompanied by story-telling and acting. Texts typically cover religious, mythological or social subjects.

Kirtan is the Sanskrit term for chanting, one of the traditional Indian yoga practices. In Kirtan Yoga, chanting is accompanied by classical Indian instruments such as the harmonium, while Sanskrit mantras are repeated using call and response, stilling the mind and opening the heart.

Kirtan is often practiced as a kind of theatrical folk song with call-and-response chanting or antiphon. The ancient sage Narada revered as a musical genius, is called a kirtankar in the Padma Purana. The famous story of Prahlada in the Avatara Katha mentions kirtan as one of nine forms of worship, called the nava vidha bhakti along with shravanam (listening), smaranam (remembrance), pada sevanam (service), archanam (offering), vandanam (obeisance), dasyam (servitude), sakhyam (friendship) and atmanivedanam (surrender). The so-called Naradiya Kirtan divides kirtan into five parts:

naman (prayers), purvaranga (spiritual lesson based on old epics), chanting, katha or akhyana (exegesis), and a final prayer for universal welfare.





# MEMOIR

## প্রজন্মের রূপান্তর- সঙ্গীতের উৎযাপন



Subhajit Parbat  
Journalism (General)  
Maheshtala College

আমাদের বাড়ির সকলে বরাবরই সঙ্গীত মনস্ক। আমার ঠাকুরদা, ঠাকুমা থেকে শুরু করে আমার বাবা-মা, সবারই সঙ্গীতের প্রতি এক নিবিড় টান...দেখেছি ছোটবেলা থেকেই। বাড়িতে সবাই সঙ্গীত মনস্ক হওয়ায় স্বভাবত সঙ্গীতের প্রতি সহজাত আকর্ষণ আমারও রয়েছে। তাই যখনই নতুন কোনো লোকসঙ্গীত বা পুরনো কোনো গান শুনতে পাই, কিছুটা থেমে গানটা শুনে তবে আবার এগিয়ে যাই। বাড়িতে সবাই সঙ্গীত মনস্ক হলেও আমার ঠিক তেমন ভাবে গান শেখা হয়ে ওঠেনি। সেই ছোট বেলায় বাবার বদলি হয়ে যায় কলকাতায়, মাও এখনকার এক সরকারি স্কুলের শিক্ষিকা, তাই কাজের চাপে গানের প্রতি সময় এখন আর কেউই দিয়ে উঠতে পারেননা। কিন্তু প্রথমেই বললাম সঙ্গীত প্রেমী হওয়ার কারণে গানের উপর আমার বরাবরই আকর্ষণ, তাই যখনই সময় পাই বাড়িতে পরে থাকা ওই হারমোনিয়ামটা নিয়ে বসে যাই গানের অভ্যাস করতে। এমনভাবেই বেশ দিন কেটে যাচ্ছিল। হঠাৎ একদিন গ্রামের বাড়ি থেকে চিঠি আসে। চিঠি পড়ে বাবা বলেন সামনের দু-তারিখ গ্রামের কালী পূজোতে আমাদের সবার নিমন্ত্রণ। গ্রামে যাওয়ার কথা শুনে বেশ আনন্দিত হয়েছিলাম আমি, প্রায় বছর তিনেক পর আবার ফিরব গ্রামে। যাই হোক, পূজোর তিনদিন আগে আমরা সবাই রওনা দিলাম গ্রামের উদ্দেশ্যে। এসে দেখি এখানে সবাই প্রায় পূজোর কাজে ব্যস্ত তাই সময় নষ্ট না করে বাবা-মা দুজনেই হাত লাগালেন পূজোর কাজে। অবশ্য আমার তেমন কোনো



কাজ ছিল না তাই সারাদিন গ্রামে ঘুরে আর ঠাকুরদার কাছে গল্প শুনে বেশ ভালই কাটছিল সময়। ঠাকুরদার ঘরে বিভিন্ন প্রকারের বাদ্যযন্ত্রে ভর্তি। তবলা, তানপুরা, হারমোনিয়াম, ঢোল, একতারা আরো কত কি। ঠাকুরদার সাথে গল্প করতে করতে আরও একটা বেশ মজার কথা জানতে পারলাম; প্রতিবারই নাকি আমাদের বাড়ির কালীপূজোতে “বাউল গান” হয়, আর এবছর ও প্রতিবারের মতোই বাউলের আসর বসবে। মোবাইলে ইউটিউবের দৌলতে বেশকিছু বাউল গানের ভিডিও আমার দেখা ছিল তবে সামনাসামনি বাউলের পোশাকধারী কোন ব্যক্তিকে দেখা বা বাউল গান শোনা কোনটাই হয়ে ওঠেনি, তাই এখন সামনে থেকে শুনতে পাবো ভেবে বেশ মজাই হচ্ছিল আমার। পূজোর দিন সারা বাড়ি সেজে উঠেছে আলোতে। চারিদিক থেকে গ্রামের লোক এসেছেন ভোগ খেতে আর বাউল গান শুনতে। পাশের মাঠে চলছে ভোগের পর্ব আর দালানে বসেছে বাউল গানের আসর। তবে ভোগের থেকে বেশি বাউল গান আমার কাছে আকর্ষণীয় ছিল। গেরুয়া বসনধারী বয়স্ক বাউল এবং তার কিছু সাঙ্গোপাঙ্গ বাড়িয়ে ভুলেছিল পূজোর জাঁকজমক। একতারার সুরে কোমর দুলিয়ে বাউলের

“

গ্রামে যাওয়ার কথা শুনে  
বেশ আনন্দিত হয়েছিলাম  
আমি , প্রায় বছর তিনেক  
পর আবার ফিরব গ্রামে।



মানুষের জীবন যাপন সম্পর্কে গান এবং দেবীর বিভিন্ন মনহর্ষক গান কেড়ে নিচ্ছিল দর্শকের হৃদয়। বাউল গানের সাথে মা কালী আরাধনা সম্পন্ন হয়। আমরাও ফিরে আসি আমাদের শহরে বাড়িতে। তবে গ্রামের বাড়িতে পূজোর ওই অনুষ্ঠান আমার মনে এক সুদীর্ঘ রেখা তৈরি করে দেয়। বাংলার লোক সঙ্গীতের প্রতি আমার শ্রদ্ধা আরও বাড়তে থাকে। বর্তমান সময়ে বিদেশি সংস্পর্শে এসে আমরা অনেকেই আমাদের সভ্যতা, ঐতিহ্য, সংস্কৃতি ভুলেছি। ভুলেছি আমাদের কলা চর্চাও, তবে আমার অভিপ্সতার উপর ভিত্তি করে আমার এই কথাটা বলতে একটু দ্বিধা নেই যে বাংলা লোকসংগীত বিদেশি সংগীতের সাথে পাল্লা দিতে সক্ষম।

# মেঘের ওপারে



ঋদ্ধি চক্রবর্তী  
সেম II, জার্নালিজম

গহন আধার ছেয়েছে জলদ  
শিহরিত শশী আছে লুকায়ে,  
আমি চেয়ে রই সাগর বক্ষে  
যদি দেখা পাই ঘোমটা সরায়ে  
চমকিত বিদ্যুৎ ফুলিঙ্গে!!!

দূর পাহাড়ের অশ্লাত চূড়া  
মাতিছে নৃত্যে রঙিন ভূষন,  
পাট ভাঙ্গা শাড়ি, আনত আয়না  
দুলিছে ধরণী যেন হৃদ-কম্পন  
ভেসে ভেসে চলে তরঙ্গে।।

ঘন বরষায় রুদ্ধ বাতাস  
নবীন মুকুল হেলায় ছড়ানো,  
সিঁক্ত বসনা বনানী ত্রাসে  
কিশোরীর কাঁখে সবুজ ভরানো  
শাল মঞ্জরি সাজানো ষড়ঙ্গে!!

পানসি-রা ধায় পিপীলিকা সম  
মুক্তো ছড়ায় ক্ষিপ্র লহরী  
মাঝ দরিয়ার ভাওয়াইয়া তীরে  
করুন সুরের বিজন প্রহরী,  
সহস্র নীহারিকা সাক্ষী অনঙ্গে!!


মেঘ যমুনার কূজন ভোরে,  
ছড়িয়ে ভূধরে আলোর ছটা  
নমিয়া তপন উর্ধ গগনে  
নিম্ন পাহাড়ে নমিনু জটা,  
ডানা মেলে দেয় অজস্র বিহঙ্গে!!





# বাউলের হাতে একতারা

বেবি দাস  
সেম II, জার্নালিজম



দূরেরই বটগাছের তলায় ,  
পুঁথির কন্দিখানি গলায় ।  
বাউল দাঁড়িয়ে আছে,  
ঐ সামনের আঙিনাতে ।

তার একতারাটি হাতে নিয়ে,  
পথে করছে খেলা -  
কখন হল বেলা ।  
কিন্তু ঘরে বন্ধ চাবি,  
আমার বেরোতে পথ নাই ।

তাই তো তোমার গানে;  
আমার প্রাণ যে বাঁচে,  
কি মিষ্টি তাঁর সুর,  
কতই না মধুর ।

একতারা মানেই বাঙালি একতারা মানে প্রাণের  
অস্তিত্বের গানগুলি ।  
একতারা মানে সংস্কৃতি,  
পূর্ণিমাতে পূর্ণশশী ।  
তোমার একতারা পাঠশালায় মনভোলানো গান শোনায় ॥



# Creative Hands




**C**hidananda Mallick  
Dept. of English  
Maheshtala College  
Medium - Pen on Paper

## About

Bengali Folk Music comprises a long tradition of religious and secular song-writing. Composed with lyrics in the Bengali language, Bengali Folk Music spans a wide variety of styles. Like - Baul, Ramprasad, Lalon Geeti etc. The Bauls are a group of mystic minstrels from the Bengal region, who sang primarily in the 17th and 18th centuries. They are thought to have been influenced greatly by the Hindu tantric sect of the Kartabhajas as well as by Muslim Sufi philosophers. The Bauls give us the real happiness through their songs. These kind of songs portray the love, the emotions of human being and the beautiful relation between human and God. I have portrayed those Bauls through my sketch and I have tried to celebrate Bengali Folk Music.

Titles





## Other Works by **C**hidananda





**S**ayani Sarkar  
Dept. of English  
Vidyasagar College for Womens  
Medium - Mix Media



# Other Works by Sayani



## About

Art is a voice of the inner soul. Art is unquestionably one of the purest and highest elements in human happiness. There are various mediums of Paintings; each style with its speciality.

My name is Sayani Sarkar and I am a student of Vidyasagar College for women from the Department of English. Painting was always something that kept me alive and helped me to get over stress, as painting or art particularly was something that was in my blood. My great grandfather was an artist and then generations after him continued the legacy and I am proud to carry on this legacy. My love for painting helped me to complete my Senior Diploma in Painting from Kolikata Sangeet Bidya Bihar. My parents supported me in every steps and my uncle was always behind me encouraging and teaching me drawings, as he is also a very good artist.

Through this painting, I urge to remind the admirers of the musical and artistic culture and traditions, that these should not be forgotten with the elapses of time.

I have used several hues of colours for the background to highlight the prominent figure of the 'sevadasi' who soulfully plays her music. I have further used brighter tones for her figure in order to bring out her predominant figure and project her tranquil state of mind while playing the instruments.







**S**mrity Baruri  
Dept. of English  
Vidyasagar College for Womens  
Medium - Oil on Canvas







# About

Drawing is one of the oldest forms of human expression within the visual arts”

Drawing is a medium to express out our emotions and imagination. There are various techniques of painting like Pastel, oil, watercolour etc. My name is Smriti Baruri, a student of BA Honours English. Painting is my hobby since my childhood. I'm very passionate about drawing and want to study more about Fine Arts. I have also completed my masters in Drawing. While making this painting I faced few problems like the Canvas board was unable to hold the colour and the oil paint were Drying out quickly due to which a lot of colours got wasted. But at last, I completed this painting which is oil on canvas



## Other Works by **Smriti**







Sayantan Mondal  
Sem IV, Journalism



সৌখিন পা ধুয়ে ঢেউ উঠে যাও, কে যেন ঝাঁপ দিল জলে  
অন্ধকারে খসে পড়ে ভূমি  
নৌকার গলুই এ বসা কিশোর হয়তো আমার ই বুকের প্রতিদ্বন্দী..



সমুদ্রের ডাক ওরা শুনতে পায়,জানে ওরা নোনা জলের স্বাদ,অভাব  
গুলো জলের সাথে ভাসে,সময় গুলোর ভাসে কেবল বাঁধ





Seeking liberation, I go for refuge unto that effulgent one, whose light turns the understanding towards the Atman.



অতীতের মুখপাত্র সব জেনেও চুপ করে রয়



MAHESHTALA COLLEGE  
BUDGE BUDGE TRUNK ROAD,  
MAHESHTALA KOLKATA-700141